

সচিব মহোদয়ের ছবি



সচিব

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

১৪ শ্রাবণ ১৪২২

২৯ জুলাই ২০১৫

বাণী

আবহমানকাল থেকেই মাছ আমাদের ইতিহাস, সংস্কৃতি ও ঐতিহ্যের সাথে জড়িয়ে আছে। আমাদের রয়েছে বিশাল অভ্যন্তরীণ ও সামুদ্রিক জলরাশি যা প্রাচীনকাল থেকেই এদেশের মানুষের মাছের যোগান দিয়ে আসছে। বর্তমান সরকার মাছের আবাসস্থল উন্নয়নের লক্ষ্যে ব্যাপক কার্যক্রম পরিচালনা করছে। এ কার্যক্রম বাস্তবায়নের ফলে বার্ষিক গড়ে প্রায় ৩ হাজার মে.টন অতিরিক্ত মাছ উৎপাদিত হচ্ছে।

সুস্থ ও মেধাসম্পন্ন জাতি গঠনে বৈশ্বিক জলবায়ুর পরিবর্তনের সাথে অভিযোজন করে মাথাপিছু গড়ে ৬০ গ্রাম মাছ যোগান দেয়ার লক্ষ্যে দেশের জলজসম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে মৎস্য সেক্টর নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

জলাশয়ের জৈব ব্যবস্থাপনা, মৎস্যসম্পদ সংরক্ষণ ও মৎস্যচাষ সম্প্রসারণের মাধ্যমে দেশের মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে জনগণের অধিক অংশগ্রহণের জন্য দেশব্যাপী জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৫ উদযাপিত হচ্ছে। জাতীয় মৎস্য সপ্তাহকে উৎসবমুখর এবং ফলপ্রসূ করার লক্ষ্যে সপ্তাহব্যাপী বিভিন্ন মিডিয়াতে নানা প্রকার প্রচার প্রচারণা চালানো হবে।

এবারের মৎস্য সপ্তাহের শ্লোগান ‘সাগর নদী সকল জলে, মাছ চাষে সোনা ফলে’ অত্যন্ত সমরোপযোগী। সকলের সক্রিয় অংশগ্রহণ মৎস্য সপ্তাহের উদ্দেশ্যকে সফল করে তুলবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

শেলীনা আফরোজা পিএইচডি